

**উত্তরপত্র -লেকচার -৪ (১৫.৭.২০)**

ক) নিচের প্রশ্নগুলোর বর্ণনামূলক উত্তর দাও।

১. আমাদের জাতীয় পাখির নাম কী? পাখিটি সম্পর্কে পাঁচটি বাক্য লিখ।

**উত্তরঃ** আমাদের জাতীয় পাখির নাম দোয়েল। পাখিটি সম্পর্কে পাঁচটি বাক্য হলো-

এদের গায়ের রং সাদা-কালো। এরা থাকে লোকালয়ে আর অগভীর জঙ্গলে। গাছের উঁচু ডালে মাঝে মাঝে মধুর সুরে গান গায়। ছোট ডাল, খড়কুটো ও শিকড় বাকড় দিয়ে বাসা বানায়। নানা ফুলের মধু আর কীটপতঙ্গ এদের প্রধান খাদ্য।

২. পানির সাথে সখ্যতা যে পাখির সেই পাখিটির পাঁচটি বৈশিষ্ট্য লিখ।

**উত্তরঃ** পানির সঙ্গে যার সখ্য, সেই পাখিটির নাম পানকৌড়ি। পাখিটির পাঁচটি বৈশিষ্ট্য হলো-

\* পুকুর, খাল ও বিল এদের প্রিয় বিচরণক্ষেত্র।

\* কুচকুচে কালো এই পাখি।

\* ডুব দিয়ে তিন মিটার পর্যন্ত সাঁতরাতে পারে।

\* এদের পায়ের পাতা হাঁসের মতো।

\* ঠোঁট তীক্ষ্ণ আর বাঁকানো।

\* এরা জলজ কীটপতঙ্গ খেতে ভালবাসে।

৩. চড়ুই পাখি সম্পর্কে যা জান লিখ।

**উত্তরঃ** ছোট পাখি চড়ুই। চড়ুই আমাদের ঘরেরই কেউ। লোকালয় এদের প্রিয় জায়গা। বাসাবাড়ির ঘুলঘুলিতে খড়, টুকরো কাপড়, শুকনো ঘাস দিয়ে এরা বাসা তৈরি করে। এরা কীটপতঙ্গ খেয়ে ফসলের শত্রু নাশ করে। শস্যদানা এদের প্রিয় খাদ্য।

৪. কোন পাখির মাথায় রাজকীয় ঝুঁটি থাকে? পাখিটি সম্পর্কে যা জান লিখ।

**উত্তরঃ** বুলবুলি পাখির মাথায় রাজকীয় ঝুঁটি থাকে।

\* চড়ুইয়ের মতো চঞ্চল স্বভাবের আরেকটি পাখি হলো বুলবুলি।

\* বুলবুলির মাথা ও গলা কালো।

\* মাথার উপর রাজকীয় কালো ঝুঁটি।

\* এর তলপেট সাদা। তলপেটের শেষে লাল ছোপ।

\* এরা খুব দ্রুত উড়তে পারে।

৫. টুই টুই শব্দ করা পাখিটির পাঁচটি বৈশিষ্ট্য লিখ।

**উত্তরঃ** টুই টুই শব্দ করে টুনটুনি পাখি। এরা লেজ নাড়িয়ে টুই টুই শব্দ করে উড়ে বেড়ায়। এরা মানুষের কাছাকাছি থাকতে ভালবাসে। চমৎকার বাসা বানায়। পোকামাকড় খেয়ে পরিবেশ সুন্দর রাখে। ফুলের মধুই টুনটুনি সবচেয়ে প্রিয়।

খ) সত্য মিথ্যা নির্ণয় কর।

১. পাখিদের ভোরের দূত বলা হয়।----- সত্য
২. গাছপালা প্রকৃতির শোভা।----- মিথ্যা
৩. টুনটুনি আমাদের জাতীয় পাখি।----- মিথ্যা
৪. চড়ুই আমাদের ঘরের কেউ।----- সত্য
৫. লোকালয় চড়ুইয়ের প্রিয় জায়গা।----- সত্য
৬. বাসাবাড়ির ঘুলঘুলিতে বুলবুলি বাসা করে।----- মিথ্যা
৭. বুলবুলি ফসলের শত্রু নাশ করে।----- মিথ্যা
৮. শস্যদানা চড়ুইয়ের প্রিয় খাদ্য।----- সত্য
৯. টুনটুনি পালকের রং জলপাই সবুজ।----- সত্য
১০. টুনটুনি মানুষের কাছাকাছি থাকতে ভালোবাসে।----- সত্য
১১. চড়ুইয়ের মতো চঞ্চল বুলবুলি।----- সত্য
১২. বুলবুলির মাথায় রাজীয় ঝুঁটি থাকে।----- সত্য
১৩. টুনটুনি পাখি খুব দ্রুত উড়তে পারে।----- মিথ্যা
১৪. পানির সঙ্গে সখ্যতা পানকৌড়ির।----- সত্য
১৫. পানকৌড়ি সাঁতরাতে পারে তিন মিটার।----- সত্য
১৬. টুনটুনি পায়ের পাতা হাঁসের মত।----- মিথ্যা
১৭. পানকৌড়ির আছে তীক্ষ্ণ আর ঝাঁকানো ঠোঁট।----- সত্য
১৮. শালিক জলজ কীটপতঙ্গ খেতে ভালোবাসে।----- মিথ্যা
১৯. পাখিরা মানুষের বন্ধু।----- সত্য
২০. পাখিরা সব সময় অপকারী।----- মিথ্যা